

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.১২.০০১.১৪.

তারিখঃ ১৬/০৫/২০১৯ খ্রি:।

“চিত্রাংকন প্রতিযোগিতার বিজ্ঞপ্তি”

আগামী ২৬ জুন, ২০১৯ “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস” উদ্‌যাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক “চিত্রাংকন প্রতিযোগিতার” আয়োজন করা হয়েছে। চারটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

গ্রুপ এবং চিত্রাংকনের বিষয় নিম্নরূপ:

- “ক গ্রুপ”- শিশুদের জন্য (০৯ বছর পর্যন্ত)।
চিত্রাংকনের বিষয়ঃ “মাদকমুক্ত সুস্থ পরিবার”।
“খ গ্রুপ”- শিশু ও কিশোরদের জন্য (১০-১৪ বছর পর্যন্ত)।
চিত্রাংকনের বিষয়ঃ “মাদকমুক্ত যুব সমাজ”।
“গ গ্রুপ”- কিশোরদের জন্য (১৫-১৮ বছর পর্যন্ত)।
চিত্রাংকনের বিষয়ঃ “খেলাধুলা: মাদকমুক্ত সুস্থ জীবন”।
“ঘ গ্রুপ”- প্রতিবন্ধী (শিশু কিশোর)
চিত্রাংকনের বিষয়ঃ “উন্মুক্ত বিষয়” (যেকোন ছবি আঁকতে পারবে)।

প্রতিযোগিতার নিয়মাবলী:


- ১। রাজশাহী জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসার অগ্রহী ছাত্র/ছাত্রীরা গ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। চিত্রাংকনের সাদা আর্ট পেপার আয়োজনকারী কর্তৃপক্ষ সরবরাহ করবে (রংতুলি সহ অন্যান্য জিনিস সাথে আনতে হবে)।
- ৩। চিত্রাংকনের আর্ট পেপারের উপরে দিকে প্রতিযোগির নাম, টেলিফোন/ মোবাইল ও গ্রুপ উল্লেখ করতে হবে।
- ৪। চিত্রাংকন প্রতিযোগিতার ফলা ফল ২১ জুন, ২০১৯ তারিখ অর্থাৎ চিত্রাংকের দিনই প্রকাশ করা হবে।
- ৫। চিত্রাংকন আগামী ২১ জুন, ২০১৯ তারিখে রেড ক্রিসেন্ট ইন্টারন্যাশনাল স্কুল, সদর হাসপাতাল মোড়, হেতেম খাঁ, রাজশাহী বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, অংশগ্রহণকারী ৩.৩০ মিনিটের মধ্যে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

পুরস্কার:

প্রতিটি গ্রুপে প্রতিযোগীদের মধ্য হতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমী
রাজশাহী।


(মোহাম্মদ লুৎফর রহমান)
উপপরিচালক
মোবাইলঃ ০১৭০৮৯০৪২৭৮।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) রাজশাহী।
- ৪। উপপরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য গোয়েন্দা কার্যালয়, রাজশাহী।
- ৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
- ৬। তত্ত্বাবধায়ক, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী।
- ৭। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী 'ক/খ' সার্কেল।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, -----, বেসরকারি নিরাময় কেন্দ্র, রাজশাহী।